

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭(আগরতলা, ১২।০৪)
বিশালগড়, ১২ এপ্রিল, ২০১৯

১৫ এপ্রিল ব্রজপুরে বৈশাখী মেলা

ব্রজপুর শিববাড়ী মেলা কমিটির উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আগামী ১৫ এপ্রিল ব্রজপুর নাট মন্দিরে অনুষ্ঠিত হবে বৈশাখী মেলা ও চড়ক সাংস্কৃতিক সন্ধ্যা। ঐদিন সন্ধ্যা ৬টায় মেলার উদ্বোধন করবেন ব্রজপুর, রামকৃষ্ণ শক্তিমঠের অধ্যক্ষ স্বামী দেবেশানন্দ মহারাজ। এই মেলাকে সাফল্য মন্ডিত করে তুলতে গত ৯ এপ্রিল ব্রজপুর পঞ্চায়েত কার্যালয়ের হলঘরে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব মিলন বিশ্বাস। সভা থেকে এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব নন্দলাল ধরকে চেয়ারম্যান করে একটি প্রস্তুতি কমিটি ও ৫টি উপ-কমিটি গঠন করা হয়। মেলায় বিশালগড় মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের শিল্পীবৃন্দ তথা বিশালগড় মহকুমা এবং রাজ্যের বিশিষ্ট শিল্পীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।
